

প্যারিসে নজরুল জন্ম জয়ন্তী পালিত

ওয়াসিম খান পলাশ
প্যারিস থেকে



গত শনিবার প্যারিসের মাস্ত্র ডরমোয়ার এ.বি.সি হলে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১১২ তম জন্ম জয়ন্তী পালিত হয়। নজরুল একাডেমী ফ্রান্স শাখা আয়োজিত অনুষ্ঠানে বক্তারা নজরুলের সাহসী ও বিচিত্র কর্মময় জীবনের উপড় আলোচনা করেন। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে ছিল নজরুল সংগীত সন্ধ্যা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। বক্তারা তাদের বক্তৃতায় জাতীয় কবি কাজী নজরুল ইসলামকে উপমহাদেশের শ্রেষ্ঠ কবি বলে আখ্যায়িত করেন। নজরুল যেমন ছিলেন বিদ্রোহী, পাশাপাশি প্রেম ও মানবতার কবি। নজরুলের আধ্যাত্মিক গান ও গজল আমাদের ুঅমূল্য সম্পদ। আলোচনা অনুষ্ঠানে বক্তারা নজরুলের বহুরূপী প্রতিভার প্রশংসা করেন। বক্তারা বহিঃ বিশ্বে নজরুলের সাহিত্যিক কর্ম সমূহ বিভিন্ন ভাষায় অনুবাদ করে ভিনদেশীদের কাছে পৌছে দেয়ার আহবান জানান। বক্তারা অচিরেই দেশে নজরুল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ও পাঠ্যপুস্তকে অধিকতর নজরুল সাহিত্য সংযোজনের আহবান জানান। অনুষ্ঠানটি এক মনোঞ্জ সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে শেষ হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কমুনিটির বিশিষ্ট ব্যক্তি বর্গ ও প্রবাসীরা।

polashsl@yahoo.fr